দৈনিক খবর দৈনিক খবর

তারিখ ৮/৯/৯১
পৃষ্ঠা ১ কলাম ৫

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

।। স্টাফ রিপোর্টার ।।

আজ রোববার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশও যথাযোগ্য মর্যাদায় এ দিবসটি পালন করবে। এ উপলক্ষে বিভিন্ন সামাজিক সংগঠন ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে।

ঢাকা আহছানিয়া মিশন এবং

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## আজ আন্তর্জাতিক

প্রথম পৃষ্ঠার পর

জাতিসংঘ তথ্য কেন্দ্রের যৌথ উদ্যোগে আজ বিকেল ৫টায় ধানমণ্ডিস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্র মিলনায়তনে (বাড়ী নং-২৫, নতুন সড়ক নং-১১, ধানমণ্ডি আবাসিক এলাকা, ঢাকা) এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন ঢাকাস্থ ইউএনডিপি'র ডেপুটি আবাসিক প্রতিনিধি মিঃ ডব্লিউ ফিসার। সভায় প্রবন্ধ পাঠ করবেন শিক্ষা মন্ত্রণালয়ের প্রাক্তন অতিরিক্ত সচিব মোঃ আমিনুল ইসলাম এবং সভাপতিত্ব করবেন বিশিষ্ট শিক্ষাবিদ ও আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষ টাস্কফোর্স, বাংলাদেশ-এর সভাপতি জনাব মোঃ ফেরদাউস খান।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশনের উদ্যোগে গত শুক্রবার সন্ধ্যায় সংগঠনের কার্যালয়ে এক আলোচনা সভায় বক্তারা দেশে সাক্ষরতার গুরুত্ব সম্পর্কে একটি জাতীয় চেতনার সৃষ্টির উপর গুরুত্বারোপ করেছেন। মাহবুব উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মোঃ শরীফ, আফতাব আহমেদ ও মোঃ মুসা বক্তব্য রাখেন।

বাংলাদেশ ইউনেস্কো ন্যাশনাল কমিশন যৌথভাবে সকাল ১০টায় জাতীয় যাদুঘর মিলনায়তনে এক সেমিনারের আয়োজন করেছে।

শিক্ষামন্ত্রী অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। বিশেষ অতিথি হিসাবে থাকবেন শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান।